

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়  
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা  
[www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd)

জনসংযোগ অধিশাখা

তারিখ: ২৮ মার্চ ২০১৮

সংবাদ বিজ্ঞপ্তি

আগামীকাল ২৯ মার্চ ২০১৮ তারিখে দেশের বিভিন্ন স্থানে ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন ৪৭টি ও বিভিন্ন পদে উপ নির্বাচন/স্থগিত নির্বাচন ৭২টি, উপজেলা পরিষদের চেয়ারম্যান পদে উপনির্বাচন ০১টি, পৌরসভা সাধারণ নির্বাচন ৪টি ও বিভিন্ন পদে উপনির্বাচন/স্থগিত নির্বাচন ৭টি এবং খুলনা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ ওয়ার্ডের ১টি করে নির্বাচনসহ সর্বমোট ১৩৩ টি নির্বাচন উপলক্ষে যাবতীয় প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। সকাল ৮.০০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত একটানা ভোটগ্রহণ চলবে। নির্বাচনি এলাকার ভোটারগণ যাতে নির্বিঘ্নে ও আনন্দমুখের পরিবেশে ভোটপ্রদান করতে পারেন সেজন্য যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

ইউনিয়ন পরিষদ নির্বাচন:

ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে প্রতিটি ভোটকেন্দ্রে ১জন অফিসারসহ ৩ জন পুলিশ, অন্ত্রসহ ৪জন আনসার এবং অঙ্গীভূত আনসার/ভিডিপি সদস্য ১৩জনসহ সর্বমোট ২০জন মোতায়েন থাকবে। প্রতি ইউনিয়নে পুলিশ, এপিবিএন, ব্যাটালিয়ান আনসারের ২টি করে মোবাইল টিম, বিজিবি ১ প্লাটুন ও র্যাব এর ২টি করে টিম মোতায়েন থাকবে। এছাড়া পটুয়াখালী, বরগুনা ও সন্দীপের জন্য ১ প্লাটুন কোস্ট গার্ড সদস্য আইনশৃঙ্খলা রক্ষায় নিয়োজিত থাকবে। ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে ৭৬ জন নির্বাহী ম্যাজিস্ট্রেট আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে নিয়োগ করা হয়েছে।

পৌরসভা নির্বাচন:


পৌরসভা নির্বাচন উপলক্ষে সাধারণ কেন্দ্রে ৫জন পুলিশ, অন্ত্রসহ ২জন আনসার এবং অঙ্গীভূত আনসার/ভিডিপি সদস্য ১২জন, সর্বমোট ১৯ জন মোতায়েন থাকবে এবং গুরুত্বপূর্ণ কেন্দ্রে ১জন অফিসারসহ ৬জন পুলিশ, অন্ত্রসহ ২ জন আনসার এবং অঙ্গীভূত আনসার/ভিডিপি সদস্য ১২জন, সর্বমোট ২০জন মোতায়েন থাকবে। এছাড়া পুলিশ, এপিবিএন, ব্যাটালিয়ান আনসারের সমন্বয়ে মোবাইল টিম ৩২টি, স্ট্রাইকিং ফোর্স ৫টি, ১০ প্লাটুন বিজিবি ও র্যাব এর ১৭টি টিম মোতায়েন থাকবে। পৌরসভা নির্বাচনে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে ৩৭জন নির্বাহী ম্যাজিস্ট্রেট এবং ৪জন জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগ করা হয়েছে।

উপজেলা পরিষদ নির্বাচন:

উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষে সাধারণ কেন্দ্রে ২জন পুলিশ, অন্ত্রসহ ২জন আনসার এবং অঙ্গীভূত আনসার/ভিডিপি সদস্য ১০জন ও ১জন গ্রাম পুলিশসহ সর্বমোট ১৫ জন মোতায়েন থাকবে এবং গুরুত্বপূর্ণ কেন্দ্রে ৩জন পুলিশ, অন্ত্রসহ ২ জন আনসার, এবং অঙ্গীভূত আনসার/ভিডিপি সদস্য ১০জন ও ১জন গ্রাম পুলিশসহ সর্বমোট ১৬ জন মোতায়েন থাকবে। এছাড়া পুলিশ, এপিবিএন ব্যাটালিয়ান আনসারের সমন্বয়ে ১০টি মোবাইল টিম, স্ট্রাইকিং ফোর্স ৩টি, ৩ প্লাটুন বিজিবি ও র্যাব এর ৩টি টিম মোতায়েন থাকবে। এছাড়া উপজেলা পরিষদ নির্বাচনে ১০জন এক্সিকিউটিভ ও ১জন জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগ করা হয়েছে।

সিটি কর্পোরেশন নির্বাচন:

সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে সাধারণ কেন্দ্রে ৭জন পুলিশ, অন্তর্সহ ৩জন আনসার এবং অঙ্গীভূত আনসার/ভিডিপি সদস্য ১২জন, সর্বমোট ২২ জন মোতায়েন থাকবে এবং গুরুত্বপূর্ণ কেন্দ্রে ৭জন পুলিশ, অন্তর্সহ ৫ জন আনসার এবং অঙ্গীভূত আনসার/ভিডিপি সদস্য ১২জন, সর্বমোট ২৪জন মোতায়েন থাকবে। এছাড়া চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৩৬নং সাধারণ ওয়ার্ডের উপনির্বাচনে পুলিশের ৪টি ও র্যাবের ৩টি টিম ও খুলনা সিটি কর্পোরেশনের ৬নং সাধারণ ওয়ার্ডের উপনির্বাচনে পুলিশের ৩টি ও র্যাবের ২টি টিম স্ট্রাইকিং ফোর্স হিসেবে মোতায়েন থাকবে। সিটি কর্পোরেশনের প্রতি ওয়ার্ডে ১জন করে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগ করা হয়েছে।



এস এম আসাদুজ্জামান

যুগ্ম সচিব, জনসংযোগ

ফোন: ৫৫০০৭৫২০